

**2021/TDC/CBCS/ODD/
BNGHCC-501T/368**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022**

BENGALI

(5th Semester)

Course No. : BNGHCC-501T

(বিশ শতকের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : $2 \times 10 = 20$

১। শূন্যস্থান পূর্ণ করো :

“আমি যত _____
আমার সঙ্গে যায়
_____ মালা গাঁথা।”

২। বাংলা সাহিত্যে ‘দুঃখবাদী কবি’ হিসেবে কে পরিচিত? তাঁর
যে-কোন একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৩। জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? ‘বোধ’ কবিতাটি
তাঁর কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(2)

- ৪। 'অশনি সংকেত' উপন্যাসটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়? এই গ্রন্থটির ভূমিকা কে রচনা করেন?
- ৫। গঙ্গাচরণের আদি বাসস্থান কোথায় ছিল? তিনি সর্বশেষ যে গ্রামে বসতি স্থাপন করেছিলেন সেই গ্রামের নাম কী?
- ৬। গঙ্গাচরণ কোন্ গ্রামে গাঁ বন্ধ করার অনুষ্ঠান করেছিলেন? পূজার উপকরণ থেকে তিনি কাকে কিছুটা ভাগ দিতে বাধ্য হয়েছিলেন?
- ৭। তারাশঙ্কর তাঁর 'কবি' উপন্যাসটি কাকে উৎসর্গ করেছেন? উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?
- ৮। 'কবি' উপন্যাসের মোট পরিচ্ছেদ সংখ্যা কত? বসন কে?
- ৯। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাস কোনটি? তাঁর কোন উপন্যাসে আয়ুর্বেদ চিকিৎসা ও আধুনিক চিকিৎসা ব্যবস্থার বিরোধ দেখানো হয়েছে?
- ১০। 'সাজানো বাগান' নাটকের অঙ্ক সংখ্যা কত? এই নাটকটি কী নামে চলচ্চিত্রায়িত হয়?
- ১১। বাঙ্করামের নাতির নাম কী? সে কাকে বিয়ে করেছিল?
- ১২। নকড়ি দত্তের পুত্র দুটির নাম লেখো।

22J/878

(Continued)

(3)

- ১৩। 'বিছন' গল্পে বর্ণিত দুটি গ্রামের নাম লেখো।
- ১৪। 'পিণ্ডদান' গল্পে কঙ্কাল ব্যবসার সঙ্গে যুক্ত ব্যক্তিদের নাম লেখো।
- ১৫। মহাশ্বেতা দেবীর 'ভাত' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? এখানে কার ভাত খাওয়ার বৃত্তান্ত বর্ণিত হয়েছে?

SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ১০×৫=৫০

- ১৬। “‘অবনী বাড়ি আছ’ কবিতাটি এক অর্থে সময় ও সমাজ-ঘনিষ্ট কবির আত্ম-উন্মোচন।” আলোচনা করো।
- ১৭। সুভাষ মুখোপাধ্যায়ের ‘যত দূরেই যাই’ কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।
- ১৮। “‘গ্রামীণ ব্রাহ্মণের শ্রেণি-চরিত্র প্রকাশিত হয়েছে গঙ্গাচরণ চরিত্রটির মাধ্যমে।” তোমার পাঠ অভিজ্ঞতার দ্বারা মন্তব্যটির যথার্থ্য নিরূপণ করো।
- ১৯। “‘১৩৫০ বঙ্গাব্দের মনুষ্যসৃষ্ট মধুস্তর যেভাবে গ্রাম বাংলায় অনুপ্রবেশ করেছিল তার বাস্তব চিত্র অঙ্কিত হয়েছে ‘অশনি সংকেত’ উপন্যাসে।” আলোচনা করো।

22J/878

(Turn Over)

- ২০। ‘কবি’ উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।
- ২১। “ভালবেসে মিটল না আশ-কুলালো না এ জীবনে।
হয়, জীবন এত ছোট কেনে?”
“নিতাইচরণের এই আক্ষেপ মূলত তার জীবনতৃষ্ণা থেকেই
উদ্ভূত।” আলোচনা করো।
- ২২। ‘সাজানো বাগান’ নাটকে জমিদারি শোষণের যে স্বরূপ প্রকাশিত
হয়েছে তার পরিচয় দাও।
- ২৩। নাটকে সংলাপের ভূমিকা কতখানি, সংক্ষেপে লেখো।
‘সাজানো বাগান’ নাটকের সংলাপ কতখানি সার্থক হয়েছে,
আলোচনা করো।
- ২৪। ‘সংরক্ষণ’ গল্পের নামকরণে যে বহুমাত্রিক ব্যঞ্জনা আছে তার
পরিচয় দাও।
- ২৫। মহাশ্বেতা দেবী তাঁর ‘ভাত’ গল্পে মানুষের চিরক্ষুধার যে বর্ণনা
দিয়েছেন তা আলোচনা করো।
